দৈনিক সংবাদ

তারিখ 29 AUG 1996
পৃষ্ঠা ৯ কলাম ২

# আড়াইশ' সংস্থায় উদ্বৃত্ত জনবল ৪৬ হাজার ৭৮ হাজার পদ শূন্য

## সংস্থা কমানো ও উদ্বৃত্তদের আত্তীকরণের সুপারিশ

॥ কাশেম হুমায়ুন ॥ মন্ত্রণালয় ও বিভাগসহ সরকারের ২শ' ৫৭টি সংস্থায় মোট ৪৬ হাজার ২শ' ৭৬ জন কর্মকর্তা ও কর্মচারী উদ্বৃত্ত রয়েছেন। অন্যদিকে সরকারি সংস্থাগুলোতে ৭৮ হাজার পদ শূন্য রয়েছে। প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি উদ্বৃত্ত জনবলকে শূন্য পদগুলোতে আত্তীকরণ এবং সরকারি সংস্থা ২শ' ৫৭ থেকে কমিয়ে ২শ' ২৪-এ নির্ধারণের সুপারিশ করেছে। সাবেক সচিব এম নূরুন্নবী চৌধুরীর নেতৃত্বাধীন প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটির প্রতিবেদন চূড়ান্ত হয়েছে। মোট ৪১টি খণ্ডে কমিটির প্রতিবেদন ও সুপারিশসমূহ আগামী কয়েকদিনের মধ্যে সরকারের উচ্চপর্যায়ে বিবেচনার জন্য পেশ করা হবে। ১৯৯৩ সালের ৫ই আগস্ট প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি গঠন করা হয়। গত ৩০শে জুন কমিটির মেয়াদ শেষ হয়েছে। তবে কাজ শেষ করার জন্য কমিটিকে আগামী ৩০শে আগস্ট পর্যন্ত সময় বেঁধে দেয়া হয়।

নির্ভরযোগ্য একটি সূত্রে জানা গেছে যে, কমিটি সব মন্ত্রণালয় ও বিভাগসহ সরকারের মোট ২শ' ৫৭টি সংস্থার কাজ এবং এ কাজের জন্য কি পরিমাণ জনবলের প্রয়োজন তা পর্যালোচনা করেছে। এসব সরকারি সংস্থায় ৫ লাখ ৯৯ হাজার ৪শ' ৩০ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে। কমিটি সব সরকারি সংস্থার কাজ পর্যালোচনা করে ৪৬ হাজার ২শ' ৭৬ জনকে উদ্বৃত্ত ঘোষণা করে তাদেরকে বিভিন্ন শূন্য পদে দ্রুত আত্তীকরণের সুপারিশ করেছে। সরকারের বিভিন্ন সংস্থায় বর্তমানে ৭৮ হাজার পদ শূন্য রয়েছে। কমিটির মতে, শূন্য পদে আত্তীকরণ করা হলে কোন কর্মকর্তা ও কর্মচারীকে ছাঁটাই করতে হবে না। কমিটির প্রতিবেদনে ৭টি সংস্থা বিলুপ্ত; ৪৩টি একীভূত এবং ১৭টি নতুন সংস্থা গঠনের সুপারিশ করা হয়েছে। এসব সুপারিশ বাস্তবায়ন করা হলে সরকারি সংস্থার সংখ্যা ২শ' ৫৭ থেকে হ্রাস পেয়ে ২শ' ২৪-এ দাঁড়াবে।